গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্লানিং-১
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.১৪.০১১.১৭.৯২

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯
২২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটনভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রনয়ন" শীর্ষক প্রকল্পের গত ২৩/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ওয়ার্কশপের কার্যবিবরনী প্রেরণ প্রসঙ্গে।**

যথাযথ সম্মান পূর্বক উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তরের আওতায় চলমান "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন" শীর্ষক প্রকল্পের গত ২৩-০১-২০২৩ ইং তারিখে পায়রা-কুয়াকাটা প্রকল্পের প্রকল্প অফিস ২৮/সি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এ সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত সভার স্বাক্ষরিত কার্যবিবরনী এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরনী, উপস্থিতির তালিকা

২২-২-২০২৩
শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান
সিনিয়র প্ল্যানার ও প্রকল্প পরিচালক,"পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন" শীর্ষক প্রকল্প
ফোন: ২২৩৩৫০২০৮
ইমেইল: smtariquzzaman@yahoo.com

বিতরণ : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
২) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃষ্টি আর্কষন: জনাব এস এম জাকারিয়া, উপসচিব)
৩) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (দৃষ্টি আর্কষন: জনাব মো: লুৎফর রহমান, উপসচিব)
৪) সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (দৃষ্টি আর্কষন: জনাব মাহমুদা, উপসচিব)
৫) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয় (দৃষ্টি আর্কষন: জনাব সাজিয়া জামান, উপসচিব)
৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ (দৃষ্টি আর্কষন: জনাব জেসমিন পারভীন, উপসচিব)
৭) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (দৃষ্টি

আর্কষন: জনাব আবু ইউসুফ মোহাম্মদ রাসেল, উপসচিব)
৮) সচিব, ভূমি মন্ত্রণালয়
৯) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (দৃষ্টি আর্কষন: জনাব মোহাম্মদ শেখ মাহমুদ মুরাদ, উপসচিব)
১০) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (জনাব আহমেদ জামিল, উপ-সচিব (রুটিন দায়িত্ব), সিএ-১ অধিশাখা, কমিটির ১ম সভায় উপস্থিত ছিলেন)
১১) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ড. সাইফুর রহমান, উপসচিব , পরিকল্পনা-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কমিটির ১ম সভায় উপস্থিত ছিলেন)
১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন-১ অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (দৃষ্টি আর্কষন: জনাব মোঃ আহসান হাবিব, পরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার শাখা)
১৪) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ (জনাব মোহাম্মাদ আলী, যুগ্ম পরিকল্পনা প্রধান (অতিরিক্ত দায়িত্ব) ও সিনিয়র সহকারী প্রধান (প্রোগ্রামিং এন্ড এ্যাপ্রাইজাল) কমিটির ১ম সভায় উপস্থিত ছিলেন)
১৫) যুগ্মসচিব, পরিকল্পনা সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী [দৃষ্টি আর্কষন: জনাব মোহাম্মদ ওবায়দুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)]
১৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
১৮) পরিচালক, পরিচালক - ৩, প্রধানমন্ত্রীর কার্যালয়

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.১৪.০১১.১৭.৯২/১(১০)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯
২২ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৩) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৪) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৫) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

৬) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

৭) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

৮) সিনিয়র প্ল্যানার , বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল

৯) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

১০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

২২-২-২০২৩
ফৌজিয়া শারমিন তিথি
প্ল্যানার

**বিষয়:"পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন" প্রকল্পের ওয়ার্কশপের (সমন্বয় সভা) কার্যবিবরনী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হামিদুর রহমান খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ২৩/০১/২০২৩ ইং |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | পায়রা-কুয়াকাটা প্রকল্পের প্রকল্প অফিস, ২৮/সি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ |
| উপস্থিতি | সংযুক্তি সদয় দ্রষ্টব্য |

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পায়রা-কুয়াকাটা প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকল্প পরিচিতি ও প্রকল্পের পটভূমি সম্পর্কে বিস্তারিতভাবে একটি উপস্থাপনা পেশ করেন। প্রকল্প পরিচালক প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৪র্থ সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্তসমূহ তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, প্রকল্পের গত ১৫/১১/২০২২ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সমন্বয় কমিটির সভার কার্যবিবরনীর সিদ্ধান্ত ৯ এর (খ) বাস্তবায়নের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) কে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির গত ০৫-০১-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত সেক্টরাল প্ল্যানসমূহ পর্যালোচনার জন্য কমিটির সদস্যবৃন্দ ও অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে এ ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে।

৩। ওয়ার্কশপের এ পর্যায়ে প্রকল্পের অন্যান্য দপ্তর থেকে প্রাপ্ত ভবিষ্যত পরিকল্পনা বিষয়ে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন ফৌজিয়া শারমিন তিথি, প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর। তিনি তার উপস্থাপনায় কোন দপ্তর থেকে কি কি ধরনের তথ্য পাওয়া গেছে এবং তা কিভাবে প্রকল্পের ম্যাপে এবং পরিকল্পনায় ব্যবহার করা হয়েছে তা তুলে ধরেন। তিনি জিআইএস ম্যাপে দেখান যে, ৩৯ টি দপ্তর থেকে ৪৮ টি প্রকল্পের তথ্য পাওয়া গেছে যা ম্যাপে ৭৫ টি লোকেশন অনুযায়ি চিহ্নিত করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, গত ২৯/১২/২০২২ তারিখে প্রকল্পের রিজিওনাল প্ল্যানের ডাটাবেইজ (১.৫০ জিবি) ২৬ টি মন্ত্রনালয়/ দপ্তরে প্রেরণ করা হয়। এছাড়াও বিভিন্ন দপ্তরের ভবিষ্যত পরিকল্পনা ও প্রকল্পের ডাটাবেইজ নিয়ে বিভাগীয় কমিশনার, বরিশাল এর সভাপতিত্বে গত ১৭-০১-১৯ ইং তারিখ এবং ১১-০৮-২০২২ ইং তারিখে দুইটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। গত ০৭/০৯/২০২২ তারিখ পায়রা বন্দর কর্তৃপক্ষের সাথে প্রকল্পের তথ্য নিয়ে সভা করা হয়। এছাড়াও

সেতু বিভাগ, সড়ক ও জনপথ বিভাগ, পর্যটন কর্পোরেশন, পর্যটন বোর্ড, ওয়ার্পো, জেলা প্রশাসক, পটুয়াখালি, বরগুনা, বিভাগীয় কমিশনার, বরিশাল এর সাথে এ বিষয়ে সভা করা হয়েছে।

উপস্থাপনায় দেখা যায় যে, তালতলিতে শিল্প মন্ত্রনালয়ের শিপ রিসাইক্লিং শিল্পের জন্য প্রস্তাবিত স্থানে তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মান করা হয়েছে। সভাপতি মহোদয় বিষয়টি শিল্প মন্ত্রনালয়ের সাথে আলোচনাক্রমে যথাযথভাবে ম্যাপে চিহ্নিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া তাপ বিদ্যুৎ কেন্দ্রের স্থানটি সঠিকভাবে চিহ্নিত করতে বলেন। বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রনালয়ের সাথে আলোচনাক্রমে প্রস্তাবিত বিমান বন্দরের লোকেশন ম্যাপে সঠিকভাবে চিহ্নিত করার নির্দেশনা প্রদান করেন।

৪। এ পর্যায়ে প্রকল্পের অন্যান্য দপ্তর থেকে প্রাপ্ত ফিজিবিলিটি স্টাডি সমূহ উপস্থাপন করেন প্রকল্পের জিআইএস এক্সপার্ট জনাব দীপক সাহা। তিনি তার উপস্থাপনায় ৮ টি দপ্তর থেকে প্রাপ্ত ৮ টি ফিজিবিলিটি রিপোর্ট সম্পর্কে আলোচনা করেন ফিজিবিলিটি রিপোর্ট থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে পরিকল্পনায় ব্যবহার করা হবে বলে তিনি উল্লেখ করেন। এ প্রসঙ্গে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি জনাব এস এম জাকারিয়া, উপ-সচিব উল্লেখ করেন যে, কোস্টাল ইরোশনের উপর জিএসবি একটি ম্যাপ করেছে, তিনি তা সরবরাহ করেন। প্রকল্পের আরবান প্ল্যানার জনাব খন্দকার মাসুদুর রহমান জানান যে, পায়রা-কুয়াকাটা প্রকল্প হতে স্যাটেলাইট ইমেজ পর্যালোচনা করে একটি ইরোশন ম্যাপ করা হয়েছে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি দুইটি ম্যাপ পর্যালোচনা করে সমন্বয় করার পরামর্শ দেন।

৫। এ পর্যায়ে প্রকল্পের রিজিওনাল প্ল্যান বিষয়ে উপস্থাপন করেন প্রকল্পের আরবান প্ল্যানার জনাব খন্দকার মাসুদুর রহমান। তিনি তার উপস্থাপনায় প্রকল্প এলাকার জিওলজি, হাইড্রোলজি, আর্থসামাজিক অবস্থাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি রিজিওনাল প্ল্যান প্রস্তুতের জন্য বিভিন্ন ধাপ ও কি কি তথ্য সন্নিবেশ করা হয়েছে তা বিস্তারিত উল্লেখ করেন এবং প্রকল্প এলাকার বিভিন্ন চিত্র তুলে ধরেন। এ প্রসঙ্গে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক মহোদয় রিজিওনাল প্ল্যানে চিহ্নিত আরবান প্রমোশনাল কন্ট্রোল এরিয়াকে কৃষি জোন হিসেবে চিহ্নিত করার পরামর্শ দেন। সভাপতি মহোদয় জানান যে, যেহেতু বিষয়টি টেকনিক্যাল তাই এ বিষয়ে এক্সপার্টদের নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার নির্দেশনা প্রদান করেন।

৬। প্রকল্পের Coastal Zone Management Expert অধ্যাপক ড. এ.কে. এম সাইফুল ইসলাম, প্রকল্পের রিজিওনাল প্ল্যানের Vulnerability and Challenges সম্পর্কে আলোচনা করেন। তিনি National Adaptation Plan (NAP, 2022) এ সুপারিশসমূহ এ প্ল্যানে বিবেচনা করা হয়েছে বলে জানান।

৭। প্রকল্পের সোনার চর বিষয়ে একটি উপস্থাপনা পেশ করেন প্রকল্পের আর্কিটেক্ট জনাব এ টি এম মাসুদ রেজা।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সুপারিশ/সিদ্ধান্ত সমূহঃ**

১. প্রকল্পের অন্যান্য দপ্তর থেকে প্রাপ্ত তথ্য সংশোধন করে প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিতব্য সমন্বয় কমিটির ৫ম সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করা হবে।

২. তালতলিতে অবস্থিত তাপবিদ্যুত কেন্দ্র যথাস্থানে ম্যাপে প্রদর্শন করতে হবে এবং একই স্থানে শিল্প মন্ত্রনালয়ের প্রস্তাবিত রিসাক্লিং শিল্পের স্থান বাদ দিতে হবে। শিল্প মন্ত্রনালয় কর্তৃক পরবর্তিতে রিসাক্লিং শিল্পের জন্য নতুন স্থান চিহ্নিত করা হলে তা ম্যাপে যথাযথভাবে প্রদর্শন করতে হবে।

৩. প্রকল্প এলাকায় বিমানবন্দরের জন্য চিহ্নিত স্থানটি সঠিক না থাকায় তা বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রনালয়ের প্রস্তাবনা অনুযায়ী ম্যাপে সঠিকভাবে চিহ্নিত করতে হবে।

(মোঃ হামিদুর রহমান খান)
অতিরিক্ত সচিব (উন্নয়ন-১)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।